



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

১লা আগস্ট, ২০২১

প্রফেসর ড. মাহবুবা নাসরীন বাউবি'র নব নিযুক্ত প্রো-উপাচার্য



প্রথিতযশা সমাজবিজ্ঞানী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ডিজিটাল ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ এর পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন শিক্ষা মন্ত্রণালয়ের ২৯ জুলাই, ২০২১ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনমূলে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের সদয় অনুমতিক্রমে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য পদে আজ ১লা আগস্ট, ২০২১ তারিখ রবিবার ঢাকা অফিসে যোগদান করেন। এ সময় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার উপস্থিত ছিলেন।

খ্যাতিমান এই অধ্যাপক একজন দুর্যোগ ব্যবস্থাপনা গবেষক। নারী ও দুর্যোগ বিষয়ে তিন দশকের অধিক অভিজ্ঞ এই শিক্ষাবিদ সংকটে দুর্যোগে নারীর অভিজ্ঞতায় দক্ষিণ এশিয়ার মধ্যে নতুন তড়ের প্রবক্তা। বিশিষ্ট শিক্ষাবিদ ড. নাসরীন দেশে বিদেশে দুর্যোগ ব্যবস্থাপনায় বহু আন্তর্জাতিক সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছেন। শিক্ষাজীবনে সর্বত্রই বৃত্তিধারী, চ্যান্সেলর পুরস্কারপ্রাপ্ত প্রথম মেধাবী ড. নাসরীন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগে ১৯৮৮ সালে শিক্ষকতায় যোগ দেন। ২০০৫ সালে একই বিভাগে অধ্যাপক হয়ে ২০১২ সাল পর্যন্ত অধ্যাপনা করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউট অব ভালনারেবিলিটি স্টাডিজ সহপ্রতিষ্ঠাতা অধ্যাপক হিসেবে যোগ দেন। ২০১৩ সাল থেকে তিনি এই ইনস্টিটিউটের পরিচালক।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের প্রাধ্যক্ষ, চ্যান্সেলর মনোনীত চাবির সিনেট সদস্য (২০১৫-২০১৮), জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটির সদস্য, চাবি এ্যলামাইনাই এসোসিয়েশনের নির্বাহী সদস্য, প্রকাশনা সম্পাদক, চাবি সমাজবিজ্ঞান সমিতির সভাপতির দায়িত্ব পালন করেন। কমনওয়েলথ স্কলার ড. নাসরীন নিউজিল্যান্ডের ম্যাসি বিশ্ববিদ্যালয় হতে ১৯৯৫ সালে পিএইচডি ডিগ্রীধারী এই শিক্ষক ২০১৬ সালে যুক্তরাষ্ট্রের কলোরেডো বিশ্ববিদ্যালয় হতে 'নারী ও দুর্যোগ বিষয়ে' অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে 'মেরী ফ্রান মায়ার্স' সম্মাননা পুরস্কারে ভূষিত হন।

ড. নাসরীন ইউনিভার্সিটি কলেজ, লন্ডন, যুক্তরাজ্যের অনারারি ভিজিটিং প্রফেসর। এছাড়াও অক্সফোর্ড ইউনিভার্সিটি, ওহিও ইউনিভার্সিটি, লক হ্যাভেন ইউনিভার্সিটি, দি ইউনিভার্সিটি অব মিসিসিপি, ইউএসএর সাথে গবেষণা কোলাবোরেশন ও নেটওয়ার্কিং এ নিবিড়ভাবে সংযুক্ত আছেন।

পারিবারিকভাবে প্রগতিশীল মুক্তিযুদ্ধের আদর্শে বিশ্বাসী অধ্যাপক নাসরীনের পিতা তথ্য মন্ত্রণালয়ের একজন সিনিয়র কর্মকর্তা ও জনসংযোগবিদ ছিলেন। স্বামী অধ্যাপক ড. খন্দকার মোকাদ্দেম হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রো-উপাচার্য।

ড. মাহবুবা নাসরীন এর বিশ্ববিদ্যালয়ে যোগদান অনুষ্ঠানে প্যান বি মেনে (কোভিড সংক্রমনের হার ৫% এর উপরে থাকায়) অপর প্রো-উপাচার্য অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম, বঙ্গবন্ধু আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের সভাপতি অধ্যাপক সুফিয়া বেগম, পরিচালক কাউন্সিলের পক্ষে পরিচালক অর্থ ও হিসাব মো: হিমায়ত মিয়া এবং পরিচালক তথ্য ও গণসংযোগ মো: আবুল কাসেম শিখদার, উপস্থিত ছিলেন।

তাঁর একমাত্র সন্তান প্রেয়ান মাহিব বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী।

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

মোবাইলঃ ০১৭১১১৫৭২৩৬

বার্তা সম্পাদক